# ‘বহুবিকল্পভিত্তিক প্রশ্ন : পরিচিতি ও অনুশীলন’ সংক্রান্ত সাধারণ নির্দেশিকা

১. বহুবিকল্পভিত্তিক প্রশ্নের সম্ভারটি এমনভাবে তৈরি করা হয়েছে যাতে এই জাতীয় বিভিন্ন নতুন ধরনের প্রশ্নের সঙ্গে শিক্ষার্থীরা পরিচিত হয়।

২. শিক্ষার্থীরা বিভিন্ন পরীক্ষায় যে যে ধরনের বহুবিকল্পভিত্তিক প্রশ্নের সম্মুখীন হতে পারে, এই অনুশীলনের মাধ্যমে সেগুলির সঙ্গে তারা অভ্যস্ত হয়ে ওঠার সুযোগ পাবে।

৩. বিদ্যালয় খুললে ‘বহুবিকল্পভিত্তিক প্রশ্ন: পরিচিতি ও অনুশীলন’ - এর উত্তরগুলি অভিভাবক-অভিভাবিকাদের মাধ্যমে শিক্ষিকা-শিক্ষকদের কাছে জমা দিতে হবে।

৪. প্রয়োজনে বিদ্যালয়ের শিক্ষিকা-শিক্ষকদের সহায়তা নেওয়া যেতে পারে।

৫. ঘরে বসে খাতায় ‘বহুবিকল্পভিত্তিক প্রশ্ন: পরিচিতি ও অনুশীলন’ - এর উত্তর তৈরি করতে হবে।

**ছাত্রছাত্রীরা বাড়িতে নিজের বিষয়ভিত্তিক খাতায় ‘বহুবিকল্পভিত্তিক প্রশ্ন: পরিচিতি ও অনুশীলন’ - এর উত্তর করে অভিভাবক-অভিভাবিকাদের মাধ্যমে শিক্ষিকা-শিক্ষকদের কাছে জমা দেবে। কোনো অবস্থাতেই তারা বাড়ির বাইরে বেরোবে না।**

# বহুবিকল্পভিত্তিক প্রশ্ন : পরিচিতি ও অনুশীলন

## বাংলা

## দশম শ্রেণি

**ভাগ ১ - নীচে দেওয়া অংশটি পড়ো :**

টুনটুনি পাখি তার বাসা তৈরি করার আগে দুটি কি তিনটি পাতা সেলাই করে একটা বাটির মতো তৈরি করে; তার মধ্যে নরম ঘাস পাতা দিয়ে সে তার বাসাটি বানায়। সেলাইয়ের সুতো সাধারণত রেশমেরই ব্যবহার করে; কাছে রেশম না থাকলে যে সুতো পায় তাই দিয়ে করে। সেলাইয়ের ছুঁচ হল তার সরু ঠোঁট-জোড়া। বাসাটা অনেকটা দোলনার মতো ঝুলতে থাকে। খুব ছোটো জাতের পাখিরা হিংস্র জন্তু আর সাপ গিরগিটির আক্রমণ থেকে রক্ষা পাবার জন্যে প্রায়ই ঐরকম দোলনার মতো বাসা তৈরি করে থাকে। অনেক জাতের পাখি আবার মাটিতেই বাসা করে; গাছে বাসা তারা পছন্দই করে না। তাদের মধ্যে কেউ কেউ আবার বাসা তৈরিই করে না। নিজেরা গাছের আড়ালে ঝোপের মধ্যে লুকিয়ে থাকে আর মাটিতে গর্ত করে তার মধ্যে ডিম পাড়ে। মোরগ, তিতির, পেরু এরা সবই এই জাতের। আবার কোনো কোনো পাখি সুন্দর করে লতা পাতা দিয়ে কুঞ্জবনের মতো বানায়। অস্ট্রেলিয়া দেশের 'কুঞ্জ-পাখি' (Bower bird) তার বাসার সামনে খুব সুন্দর লতা-কুঞ্জ তৈরি করে। পাখিটি আকারে ছোটো বটে, কিন্তু কুঞ্জটি কিছু ছোটো হয় না। এদের আবার রংচঙে জিনিসের বড়ো শখ; ভাঙা কাচ, পাথর, রঙিন জিনিস, যা সামনে পাবে সব এনে বাসার চারিদিকে সাজিয়ে রাখবে।

কোনো কোনো পাখি থুতু দিয়ে বাসা তৈরি করে। তালচোঁচ পাখি এই জাতের। পালক, ঘাস এসব জিনিস থুতু দিয়ে জোড়া লাগিয়ে তার বাসা তৈরি হয়। ইস্ট ইন্ডিয়া দ্বীপপুঞ্জে এক জাতের তালচোঁচ আছে, তারা কেবলই থুতু দিয়ে নিজেদের বাসা বানায়। চীন দেশে এ বাসার খুব আদর; তারা এর ঝোল বানিয়ে খায়। এইজন্য সে দেশে এর দামও খুব বেশি।

অনেক জাতের পাখি কাদা দিয়েও তাদের বাসা বানায়। আফ্রিকার ফ্লামিঙ্গোর বাসা কাদার তৈরি। একটা ঢিপির মতো কাদা সাজিয়ে তার মাঝে একটা গর্ত করে ফ্লামিঙ্গো ডিম পাড়ে। আরো অনেক জাতের পাখিও কাদার বাসা বানায়; তাদের অধিকাংশই আফ্রিকার।

তোমরা অনেকেই বোধহয় কাঠ-ঠোকরা দেখেছ। এরা ঠোঁট দিয়ে ঠোকর মেরে গাছের গায়ে গর্ত করে তার ভিতর বাসা বানায়। দুষ্টু ছেলেরা ছানা চুরি করার লোভে কাঠ-ঠোকরার বাসার গর্তে হাত ঢুকিয়ে দিয়ে অনেক সময় সাপের কামড় খায়, কারণ সাপেরা কাঠ-ঠোকরার বাসা ডাকাতি করে অধিকার করতে বড় পটু।

**নীচের দেওয়া প্রশ্নগুলির ঠিক উত্তরটিতে গোল দাগ দাও।**

1. ছোটো ছোটো পাখিরা দোলনার মত বাসা তৈরি করে

   A) আরাম পাওয়ার জন্য

   B) বাচ্চাদের সুবিধার জন্য

   C) সরু ডালে বাসা তৈরির কারণে

   D) হিংস্র জন্তুদের হাত থেকে রক্ষা পাওয়ার জন্য

2. মাটিতে গর্ত করে তার মধ্যে ডিম পাড়ে যে পাখিরা তাদের অন্যতম

   A) টুনটুনি

   B) গাঙচিল

   C) তিতির

   D) শালিক

3. তালচোঁচ পাখির বৈশিষ্ট্য

A) তারা ভাঙা কাচ পাথর দিয়ে বাসা তৈরি করে

B) তারা থুতু দিয়ে বাসা তৈরি করে

C) তারা তালপাতা দিয়ে বাসা তৈরি করে

D) তারা কোনো বাসা তৈরি করে না

4. কাদা দিয়ে বাসা বানায় যে পাখিরা তাদের অধিকাংশই

A) আফ্রিকার

B) লাতিন আমেরিকার

C) অস্ট্রেলিয়ার

D) হিমালয় অঞ্চলের

5. 'পাখি' শব্দটি একটি

A) তৎসম শব্দ

B) তদ্ভব শব্দ

C) দেশি শব্দ

D) বিদেশি শব্দ

**ভাগ ২ - নীচে দেওয়া অংশটি পড়ো :**

হুগলিতে অ্যানড্রুজ সাহেবের ছাপাখানা বাংলাদেশে প্রথম মুদ্রণ-যন্ত্র। সচল হরফে প্রথম ছাপা এই যন্ত্রটি সম্বন্ধে বিশেষ কিছু জানা যায় না। ববং তারপরে কলকাতায় বেশ কয়েকটি ছাপাখানা বসল এমনকী তেমনি এক ছাপাখানা থেকে জেমস অগাস্টাইন হিকির সাপ্তাহিক সংবাদপত্র বেঙ্গল গেজেটও বেরিয়েছিল ১৭৮০-র ২০ জানুয়ারি। এটি ছিল এদেশে ছাপা প্রথম সংবাদপত্র। তারপরে আরও কিছু সংবাদপত্র বেরুল, বইপত্রও কিছু প্রকাশিত হল কলকাতার নানা মুদ্রণ-যন্ত্র থেকে। তবু গুণেমানে বৈচিত্র্যে সকলকে ছাপিয়ে গেল শ্রীরামপুর। ছাপাখানার সবটুকু আলো গিয়ে পড়ল শ্রীরামপুরের ব্যাপটিস্ট চার্চ মিশন প্রেসের মুখে। মূলত উইলিয়ম কেরির সৌজন্যে। এই ছাপাখানা গড়া ও তার ব্যাপক সম্প্রসারণ ছাড়াও বাংলা গদ্য-সাহিত্য নির্মাণের গোড়ার যুগে তাঁর অবদান তা বাঙালি কোনোদিনই ভুলতে পারবে না।

ইংরেজ শাসন যখন এদেশে শুরু হল তখন যেমন প্রশাসনের জন্যে লোক এল বিলেত থেকে, তেমনি ব্যবসা-বাণিজ্য করতে বা নেহাত কপাল ফেরাতেও অনেকে এদেশে এসেছিল। আর এসেছিল মিশনারির দল খ্রিস্টধর্ম প্রচার করতে। তেমনি এক মিশনারি উইলিয়ম কেরি ১৭৯৩তে এ দেশে এসেছিলেন সেকথা আগের অধ্যায়ে লেখা হয়েছে। কেরি সাহেব জীবিকার জন্যে এক সময়ে মালদহের মদনাবাটির নীলকুঠিতে কাজ করতেন। তাঁর মনিব জর্জ উডনি ছিলেন কেরি সাহেবের গুণগ্রাহী। কেরি সাহেব তখন বাইবেলের বাংলা অনুবাদ করছেন। সেই বাইবেল ছাপার জন্যে উডনি একবার কলকাতার নিলাম থেকে একটি কাঠের ছাপাখানা কিনে উপহার দিলেন কেরিকে। কেরি দ্বিগুণ উৎসাহে বাইবেলের বাংলা করার কাজ করে যেতে লাগলেন। এদিকে ভাগ্য বিপর্যয়ে উডনি একসময়ে মদনাবাটির নীলকুঠি বন্ধ করে দিতে বাধ্য হলেন। কেরিসাহেব ওরই কাছাকাছি খিদিরপুর গাঁয়ে একটি ছোটো নীলকুঠি কিনে সেখানে ছাপাখানা বসালেন। এই সময়ে কেরি সাহেবের বিলেতের মিশনের চারজন মিশনারি এদেশে এলেন। ইয়োরোপে তখন ব্রিটেন ও ফ্রান্সের মধ্যে যুদ্ধ চলছিল। গুপ্তচর সন্দেহ করে কলকাতার ইংরেজ প্রশাসকেরা তাদের কলকাতায় নামতে দিল না। তাঁরা দিনেমারদের অধীন শ্রীরামপুরে চলে এলেন ১৭৯৯-এর ১৩ অক্টোবর। কেরি সাহেবের কাছে খবর গেল। তিনি তাঁর সকল সম্পত্তি বেচে নৌকোয় চাপলেন, সঙ্গে রইল তার সাধের ছাপাখানাটি। ১৮০০ সালের ১০ জানুয়ারি তিনি পৌঁছলেন শ্রীরামপুরে। ওই দিনই মিশন প্রেসের প্রতিষ্ঠা হল।

**নীচের দেওয়া প্রশ্নগুলির ঠিক উত্তরটিতে গোল দাগ দাও।**

6. এদেশে ছাপা প্রথম সংবাদপত্র ছিল

   A) বেঙ্গল গেজেট

   B) সমাচার দর্পণ

   C) অমৃতবাজার

   D) দিগ্‌দর্শন

7. কেরিসাহেব কাজ করতেন

   A) সেরেস্তায়

   B) নীলকুঠিতে

   C) মহাফেজখানায়

   D) সেনাবাহিনীতে

8. উইলিয়ার কেরি তাঁর নিজস্ব নীলকুঠি কিনে দিলেন

   A) খড়দহে

   B) দমদমে

   C) খিদিরপুরে

   D) বনগ্রামে

9. কেরি সাহেব তখন <u>বাইবেলের</u> বাংলা অনুবাদ করেছেন, — রেখাঙ্কিত পদটি হলো

   A) কর্মকারক

   B) সম্বন্ধ পদ

   C) অধিকরণ কারক

   D) নিমিত্ত কারক

10. ‘সংবাদপত্র’ শব্দটি যে সমাসের উদাহরণ

    A) উপমান কর্মধারয়

    B) মধ্যপদলোপী কর্মধারয়

    C) দ্বন্দ্ব

    D) মধ্যপদলোপী বহুব্রীহি

**ভাগ ৩ - নীচে দেওয়া অংশটি পড়ো :**

পুতুলের কারিগর আর তাদের খেলা দেখান যাঁরা তাঁদের পুতুল-নাচিয়ে বলা হয়। এঁদের কাহিনী প্রণয়নে আর পুতুলদের দিয়ে খেলা দেখানোয় বিশেষ নিপুণ হওয়া দরকার। একজন পুতুল-নাচিয়ে বহু রকমের খেলা দেখাতে পারেন।

পুতুল-নাচিয়ে ধীরে ধীরে মানুষের মনের কথা আর অন্তরের ভাব বুঝবার চেষ্টা করবেন। পুতুল-নাচের খেলা দেখানো থেকে কেবলমাত্র পুতুল-নাচিয়েই শেখেন তা নয়, দর্শকরাও এ থেকে কত কি যে শিক্ষা লাভ করেন তার ইয়ত্তা নেই।

দেখা আর শোনার সঙ্গে সঙ্গে দর্শক শিক্ষা লাভ করেন, তাই এ কথা বলা খুবই সঠিক হবে যে পুতুল-নাচ শিক্ষাদানের একটি খুব উপযোগী দৃশ্য-শ্রব্য (Audio-Visual) সাধনও বটে।

যুগ যুগ ধরে ধর্মপ্রচারকেরা পুতুল-নাচের ভিতর দিয়ে ধর্ম কথা আর উপদেশ মানুষের মনে পৌঁছে দিয়েছেন। পুতুলের অভিনয় আর গল্পের ভিতর দিয়ে আজ একজন নিরক্ষর ধর্মগ্রন্থের মর্ম শিখতে পারেন। তার উপর আজকের যুগ বিজ্ঞানের যুগ। পুতুল-নাচের সাহায্যে আজকাল বিজ্ঞানের কথাগুলি অনেক সহজে মানুষকে বলা সম্ভব হচ্ছে।

পুতুল-নাচের রঙ্গমঞ্চ স্বাস্থ্য, কৃষি, সাক্ষরতা, আর পরিষ্কার পরিচ্ছন্নতা সম্পর্কে শিক্ষাদানে আশ্চর্যজনক সাফল্য আনতে পারে। এমন কোনো বিষয়ই নেই যা কিনা এই ক্ষুদে ক্ষুদে পুতুলদের দিয়ে না শেখানো যায়। এই পুতুলেরা নাচে, গায়, আনন্দে উচ্ছ্বসিত হয়ে ওঠে আবার রাগে ঠিকরে পড়ে— কিন্তু তার সকল অভিব্যক্তিই সমাজের কল্যাণ আর তার ভিতর থেকে পরিবর্তন আনার চেষ্টা করে থাকে।

যে মুহূর্তে পুতুলগুলির রঙ্গমঞ্চে আবির্ভাব হয়, আর তারা নাচতে, অভিনয় করতে শুরু করে, অমনি বহুদিনের সংকীর্ণতা আর অন্ধ ধারণার আবদ্ধ কবাটগুলি একে একে ভেঙে পড়ে। নরনারীর হৃদয় তাকে স্বাগত করে নেওয়ার জন্য প্রস্তুত হয়।

**নীচের দেওয়া প্রশ্নগুলির ঠিক উত্তরটিতে গোল দাগ দাও।**

11. পুতুল নাচিয়েকে পুতুলের খেলা দেখানোর সঙ্গে আর যা শিখতে হয়

    A) ভোজবাজি

    B) গল্প রচনা

    C) আলোর মায়াজাল

    D) অভিনয়

12. পুতুল নাচের মাধ্যমে

    A) ধর্মশিক্ষা দেওয়া হয়

    B) লোকশিক্ষা দেওয়া হয়

    C) জটিল বিষয়কে সহজভাবে বলা হয়

    D) মানুষকে বিনোদন দেওয়া হয়

13. পুতুল নাচ-এ নাচের সঙ্গে থাকে

    A) গান

    B) অভিনয়

    C) গান ও অভিনয়

    D) নানা শারীরিক কৌশলের প্রদর্শন

14. পুতুল নাচের মূল লক্ষ

    A) মানুষকে লোকসংস্কৃতি বিষয়ে সচেতন করা

    B) গ্রামীণ কৃষিজীবনের প্রচার

    C) কৃষ্ণ কথার প্রচার

    D) সমাজ কল্যাণ ঘটানো

15. 'স্বাগত' শব্দটির সন্ধিবিচ্ছেদ হল

    A) সু + আগত

    B) স্ব + আগত

    C) স্ব + গত

    D) স্বাগম্ + ত

---

**ভাগ ৪ - নীচে দেওয়া অংশটি পড়ো :**

চতুর্দশ শতকের মাঝামাঝি ইউরোপ যে মোটামুটিভাবে চশমার সঙ্গে পরিচিত হয়ে উঠেছিল সে বিষয়ে সন্দেহ নেই। ১৩৫২ সালের একটি পুঁথির অলংকরণে দেখা যায় একজন যাজকের চোখে চশমা, আর তাঁর সামনে খোলা রয়েছে একটি ধর্মগ্রন্থ। তার মানে এই নয় যে, চশমা সেদিন রাম-শ্যাম-যদু ওরফে টম-ডিক-হ্যারি, সকলের চোখে। প্রথম দিকে চশমা অবশ্যই শস্তা ছিল না। পুঁথি ও পড়ুয়ার সংখ্যাও ছিল বেশ কম। চশমা, বলতে গেলে তখন রীতিমতো এক মহার্ঘ বিলাসদ্রব্য। চশমার ব্যবহার ধীরে ধীরে সর্বজনীন হয়ে ওঠে। আসলে ছাপাখানার আবির্ভাবের পর, ইউরোপের প্রথম মুদ্রিত বই গুটেনবার্গের বাইবেল প্রকাশিত হয় পঞ্চদশ শতকের মাঝামাঝি। তার এক দশকের মধ্যেই দেখা যায় চশমা পৌঁছে গেছে স্ট্রাসবুর্গে, পরবর্তী দশকে নুরেমবার্গে, — পরের শতকের মাঝামাঝি ফ্রাঙ্কফুর্টে এবং তারপর ক্রমে ইউরোপময়। সপ্তদশ শতকে ইংল্যান্ডের হাটে-বাজারে যাঁরা চশমা ফেরি করতেন, তাঁরা হাঁক দিতেন — ''শস্তা! শস্তা! ইউরোপিয়ান চশমা!''

যখন চশমা ছিল না তখন ক্ষীণদৃষ্টি পাঠকের মনের ক্ষুধার তৃপ্তির জন্য নির্ভর করতে হত অন্যের উপর। প্রাচীন গ্রিস এবং রোমে অসহায় প্রভুকে বই পড়ে শোনাতেন ক্রীতদাসরা। শুধু চশমার অভাব নয়, মধ্যযুগের পৃথিবীতে পড়ুয়ার অন্য সমস্যাও ছিল। যাঁদের দৃষ্টিশক্তি যথেষ্ট, তাঁদের পক্ষেও রাত্রে লেখাপড়া করা সহজ ছিল না। শুধু লেখাপড়া কেন, সূর্যাস্তের পর সব কাজই কঠিন। তা ছাড়া, শীতে সূর্যের আলোরও বড়ই অভাব। সুতরাং, সকলকেই সব কাজ সারার চেষ্টা করতে হত দিনের বেলায়। কারণ রাত্রে, মোমবাতি ছাড়া অন্য কোনও আলো নেই। মোম শস্তা নয়। মোম অসাবধানের ফলে বিপর্যয়ও ডেকে আনতে পারে। তেলের আলো ইউরোপ পেয়েছে উনিশ শতকের শেষ দিকে। গ্যাস-বাতি আরও পরে। সুতরাং, কালিদাস কিংবা শেক্সপিয়ার, রাত্রে যদি ওঁরা কিছু লিখে থাকেন তবে অবশ্যই তা লিখতে হয়েছে অনুজ্জ্বল আলোতে। অন্যভাবে বললে মায়াবি আলো-আঁধারি পরিবেশে।

**নীচের দেওয়া প্রশ্নগুলির ঠিক উত্তরটিতে গোল দাগ দাও।**

16. ইউরোপ চশমার সঙ্গে পরিচিত হয়েছিল

    A) দ্বাদশ শতকে

    B) ত্রয়োদশ শতকে

    C) চতুর্দশ শতকে

    D) পঞ্চদশ শতকে

17. চশমা ব্যবহারের প্রথম যুগে তা ছিল

    A) সন্দেহজনক বস্তু

    B) বিলাসদ্রব্য

    C) খেলনা সামগ্রী

    D) শুধু রাজ পরিবারের জন্য

18. প্রাচীন গ্রীস ও রোমে ক্ষীণদৃষ্টির প্রভুকে বই পড়ে শোনাতেন

    A) তার ছাত্ররা

    B) তার শিষ্যরা

    C) ক্রীতদাসরা

    D) গ্রন্থাগারের কর্মিরা

19. প্রথম যুগে রাতে পড়াশোনার করতে হতো

    A) মোমের আলোয়

    B) তেলের আলোয়

    C) গ্যাসের আলোয়

    D) চাঁদের আলোয়

20. ‘চশমা’ শব্দটি একটি

A) ফরাসি শব্দ

B) তুর্কি শব্দ

C) সংস্কৃত শব্দ

D) দেশি শব্দ

**ভাগ ৫ - নীচে দেওয়া অংশটি পড়ো :**

আর্যরা যখন ভারতে প্রবেশ করে তখন তারা যে ভাষায় কথা বলত তার নাম দেওয়া হয়েছে প্রাচীন ভারতীয় আর্য। এই ভাষা সচল ছিল এক হাজার বছর, ভাষাতাত্ত্বিকদের হিসেবমতো আনুমানিক খ্রি-পূ ১৫০০ থেকে খ্রি-পূ ৬০০ পর্যন্ত। এই সময় তাদের ভাষা কেমন ছিল তা জানার জন্য আমাদের তাকাতে হবে বেদের ভাষার দিকে। বেদের ভাষা নিশ্চয় তাদের মুখের ভাষারই একটি মার্জিত রূপ। তাই প্রাচীন ভারতীয় আর্যভাষার সাধারণ নাম বৈদিক। এরও অবশ্য রকমফের ছিল, ছিল অনেক আঞ্চলিক বিভিন্নতা। বৈদিক ভাষা মুখের ভাষা হিসাবে ব্যবহৃত হতে হতে অনেক ক্ষেত্রে বাহুল্য ও জটিলতা পরিহার করে হয়ে গিয়েছিল সহজ, সাবলীল ও অনাড়ম্বর। এই সরল আড়ম্বরহীন কথ্য ভাষাকে সুসংস্কৃত ও মার্জিত করে একটি নতুন রূপ দেওয়া হল অর্বাচীন বৈদিকদের যুগে বা তার কিছু পরে। এরই নাম সংস্কৃত ভাষা।

এরপর যে ভাষান্তর এল, অর্থাৎ মধ্যভারতীয় আর্যভাষার শেষ স্তর থেকে যে-ভাষা বিবর্তিত হল তার ভাষাতাত্ত্বিক নাম নব্যভারতীয় আর্যভাষা বা New Indo-Aryan যার বিবর্তনকাল আনুমানিক ১০০ খ্রিস্টাব্দ থেকে। এই সময় পূর্বোক্ত অপভ্রংশ প্রাকৃত থেকে নানান আঞ্চলিক ভাষার উদ্ভব হতে থাকে। এইভাবেই বিবর্তিত হয়েছে, গুজরাতি, মারাঠি, পাঞ্জাবি, হিন্দি, ওড়িয়া, অসমিয়া এবং অবশ্যই আমাদের বাংলা। অপভ্রংশ প্রাকৃতের পরবর্তী একটা স্তরকে পণ্ডিতেরা বলেন অবহট্‌ঠ। সুনীতিকুমার চট্টোপাধ্যায়, সুকুমার সেন প্রভৃতির মতে এই অবহট্‌ঠ ভাষাই পরিবর্তিত হয়ে রূপলাভ করেছে বাংলা ভাষায়। বাংলা ভাষার উদ্ভব খ্রিস্টীয় দশম-একাদশ শতকেই হয়েছিল বলে এখন পর্যন্ত পণ্ডিতরা মনে করেন। এবং সাধারণভাবে এও মনে করেন, চর্যাগীতি বা চর্যাপদই বাংলা ভাষার প্রাচীনতম লিখিত নিদর্শন। সংক্ষেপে এই হল বাংলা ভাষার উদ্ভবের ইতিহাস।

**নীচের দেওয়া প্রশ্নগুলির ঠিক উত্তরটিতে গোল দাগ দাও।**

21. প্রাচীন ভারতীয় আর্যভাষার দৃষ্টান্ত

A) বৈদিক ভাষা

B) প্রাকৃত ভাষা

C) দ্রাবিড় ভাষা

D) বাংলা ভাষা

22. প্রাচীন ভারতীয় আর্যভাষা থেকে মধ্যভারতীয় আর্যভাষার উদ্ভব ঘটে

A) খ্রিস্টপূর্ব ষষ্ঠ শতকে

B) খ্রিস্টপূর্ব পঞ্চম শতকে

C) ষষ্ঠ খ্রিস্টাব্দে

D) দশম খ্রিস্টাব্দে

23. ভারতীয় আর্যভাষার স্তরবিভাজন

A) দুটি

B) তিনটি

C) পাঁচটি

D) দশটি

24. বাংলা ভাষার প্রাচীনতম নিদর্শন

A) বৈষ্ণব পদ

B) চর্যাপদ

C) শ্রীকৃষ্ণ কীর্তন

D) বেদ

25. 'আর্যভাষা' শব্দটির প্রকল্প হলো

A) মধ্যপদলোপী কর্মধারয়

B) সম্বন্ধ তৎপুরুষ

C) সাধারণ কর্মধারয়

D) দ্বন্দ্ব

**ভাগ ৬ - নীচে দেওয়া অংশটি পড়ো :**

এইখানে একটা কথা বলে রাখি। অক্ষরে অক্ষরে মিলন ঘটিয়ে, যুক্তাক্ষরের মায়া সৃষ্টি করে, মাত্রা কমাতে মজা লাগে, বলাই বাহুল্য। কিন্তু মজা লাগে বলেই যে প্রতি পদে এইভাবে মিলন ঘটাতে হবে, তা কিন্তু ঠিক নয়। এ-সব সেয়ানা কৌশল বার-বার খাটালে এর চমকটাই আর থাকে না, পাঠকও বিরক্ত বোধ করেন। আর তা ছাড়া, কবিতার মধ্যে এই ধরনের মিলনের বাড়াবাড়ি ঘটলে ছন্দ-অনুসরণেও তাঁর অসুবিধে ঘটে। লক্ষ রাখতে হবে, কবিতার ছন্দের মধ্যে পাঠক যেন বেশ স্বচ্ছন্দে ঢুকতে পারেন; তারপর ভিতরে ঢুকে যখন কিনা বেশ অনায়াসে তিনি চলাফেরা করে বেড়াচ্ছেন, তখন বরং এই ধরনের এক-আধটা চমক লাগিয়ে দেওয়া যেতে পারে, সেটা তাঁর ভালই লাগবে।

আর-একটা কথা এই যে, লাইনের যে-কোনও জায়গায় কিন্তু এইভাবে অক্ষরে-অক্ষরে মিলন ঘটানো সম্ভবও নয়। অক্ষরবৃত্তের যে একটা চার-মাত্রার ছোটো চাল আছে, সেই চালের পর্বের মধ্যেই মিলনটাকে ঘটিয়ে দেওয়া ভালো। মিলন ঘটাতে গিয়ে যদি পর্বের বেড়া ডিঙিয়ে যাই, তাতে বিপদ ঘটতে পারে। ঘটেও।

এবারে একটা জরুরি কথা বলি। কবিতা লিখতে গিয়ে লক্ষ রাখতে হবে, শব্দের উচ্চারণ আর ছন্দের চাল, এ দুয়ের মধ্যে যে ঠিকঠাক সমন্বয় ঘটে। অর্থাৎ ছন্দের চাল ঠিক রেখে কবিতা পড়তে গিয়ে যেন দেখতে না পাই যে, ছন্দের খাতিরে শব্দের শরীরকে এমন-এমন জায়গায় ভাঙতে হচ্ছে, যেখানে তাদের ভাঙা যায় না। আবার শব্দের সঠিক উচ্চারণের খাতিরে ছন্দের

চাল যেন বেঠিক জায়গায় না ভাঙে। বেঠিক জায়গায় চাল ভাঙলে ছন্দের নাভিশ্বাস উঠবে। এই বিভ্রাট যদি এড়াতে হয় তা হলে ছন্দের চাল আর শব্দের উচ্চারণ, এই দুইয়ের মধ্যে পারস্পরিক সহযোগিতার একটা সুন্দর সম্পর্ক গড়ে তোলা চাই।

**নীচের দেওয়া প্রশ্নগুলির ঠিক উত্তরটিতে গোল দাগ দাও।**

26. কবিদের ‘যোজনা কৌশল’ হল

   A) অন্ত্যমিল সৃষ্টি

   B) যুক্তাক্ষরের মায়া সৃষ্টি

   C) উপমা ব্যবহার

   D) আগন্তুক শব্দের ব্যবহার

27. কবিকে লক্ষ রাখতে হবে পাঠকরা যেন

   A) ছন্দের মধ্যে অনায়াসে ঢুকতে পারে

   B) কবিতার অর্থ বুঝতে পারে

   C) কবিতাকে পাঠযোগ্য মনে করে

   D) কবিতার অলংকারগুলো বুঝতে পারে

28. কবিতা লেখার জন্য যে সমন্বয় জরুরি

   A) শব্দ আর অন্ত্যমিল

   B) অক্ষরে অক্ষরে মিলন

   C) শব্দের উচ্চারণ আর ছন্দের চাল

   D) কল্পনা আর জীবন

29. ‘সৃষ্টি’ শব্দটির গোড়ায় যে ধাতুটি আছে

   A) সৃষ্

   B) সৃজ্

   C) সৃস্

   D) সৃ

30. ‘উচ্চারণ’ শব্দটির মধ্যে যে ধ্বনি পরিবর্তন দেখা যায়

   A) সমীভবন


   B) বিষমীভবন

   C) স্বরসঙ্গতি

   D) ব্যঞ্জনাগম

---

ভাগ ৭ - নীচে দেওয়া অংশটি পড়ো :




কোভিড-১৯ সংক্রান্ত যাবতীয় সতর্কতা মেনে চলা বাঞ্ছনীয়।

**নীচের দেওয়া প্রশ্নগুলির ঠিক উত্তরটিতে গোল দাগ দাও।**

31. স্টুডেন্ট ক্রেডিট কার্ড-এ একজন ছাত্র সর্বোচ্চ ঋণ পেতে পারে

    A) ৫ লক্ষ টাকা

    B) ৭ লক্ষ টাকা

    C) ১০ লক্ষ টাকা

    D) ১৫ লক্ষ টাকা

32. স্টুডেন্ট ক্রেডিট কার্ড-এ আবেদনের সর্বোচ্চ বয়সসীমা

    A) ১৮ বছর

    B) ২০ বছর

    C) ৩৭ বছর

    D) ৪০ বছর

33. স্টুডেন্ট ক্রেডিট কার্ডের জন্য পরিবারের সর্বোচ্চ বার্ষিক আয় হতে হবে

    A) দু'লক্ষ টাকা

    B) পাঁচ লক্ষ টাকা

    C) দশ লক্ষ টাকা

    D) কোনো সর্বোচ্চ সীমা নেই

34. নীচে উল্লেখ করা সংস্থাগুলির মধ্যে যেখান থেকে স্টুডেন্ট ক্রেডিট কার্ডে ঋণ পাওয়া যায় না

    A) সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্ক

    B) গ্রাম পঞ্চায়েত

    C) রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্ক

    D) বেসরকারি ব্যাঙ্ক

35. স্টুডেন্ট ক্রেডিট কার্ডে নেওয়া ঋণ পরিশোধের সময়কাল

    A) ৫ বছর

    B) ১০ বছর

    C) ১৫ বছর

    D) ২০ বছর

# MCQ Adaptation Package

## English

## Class – X

**For Q. Nos. 1 & 2, choose the sentences that are grammatically correct:**

**1.**

a) I didn't knew this would happen.

b) I hadn't knows this would happen.

c) I did knew this would happen.

d) I didn't know this would happen.

**2.**

a) If you had called him, he would come.

b) If you would called him, he would come.

c) If you had called him he would have come.

d) If you will be calling him, he will have come.

**For Q. Nos. 3, 4, choose the correct alternative:**

**3.** A @ B

In this expression, 'A' and 'B' are two boxes, and '@' is a ball then '@' is appropriately represented by the word

a) among

b) between

c) in

d) over

**4.** $X^Q$

In this expression, if 'X' is a man and 'Q' is a street lamp then 'Q' is appropriately represented by the word

a) on

b) over

c) above

d) out

**For Q. Nos. 5, 6, 7, 8, 9, 10, 11, choose the correct alternative:**

**5.** After six months, you can also speak English ..... me.

a) around

b) about

c) without

d) like

**6.** All the winners .... prizes tomorrow.

a) will give

b) will be giving

c) will have given

d) will be given

**7.** Before you gave answers, our teacher ….. them to us.

a) had sent

b) will send

c) was sending

d) send

**8.** Cut this apple .......... that knife.

a) with

b) by

c) into

d) in

**9.** Do you always go to school … foot?

a) by

b) with

c) on

d) walking

**10.** Elders ….. .

a) should have been respected

b) should be respect

c) should respect

d) should be respected

**11.** Have' ..... generally used with plurals.

a) your

b) is

c) yours

d) are

**For Q. Nos. 12, 13, choose the correct alternative to complete the correlations:**

**12.** Goose: Gander :: Bee: ……….

a) Ant b) Doe c) Drone d) Calf

---

**13.** Lord: Lady:: Ram: ……..

a) Ewe b) Lob c) Lumber d) Rames

**For Q. Nos. 14, 15 & 16, choose the correct Narration Change of the given sentences:**

**14.** He said to me, "I am ready".

a) He told to me that he is ready.

b) He told me that he was ready.

c) He told me that I am ready.

d) He told me that I will ready.

**15.** They said, "We can not live without oxygen".

a) They said that we can not live without oxygen.

b) They said that they can not live without oxygen.

c) They said that they would not live without oxygen.

d) They says that they can not live without oxygen.

**16.** Rahul said to me, "We are mortal".

a) Rahul said to me that we are mortal.

b) Rahul says to me that we are mortal.

c) Rahul said to me that we all are mortal.

d) Rahul said to me that he and I are mortal.

**For Q. Nos. 17 & 18, choose the correct Voice Change of the given sentences:**

**17.** Sahil Sharma makes tea.

a) Tea is made by Sahil Sharma.

b) Tea is made by the Sahil Sharma.

c) Tea was made by Sahil Sharma.

d) Tea has made by Sahil Sharma.

**18.** My friends are watching the match.

a) The match is watched by my friends.

b) The match had being watched by my friends.

c) The match is being watched by my friends.

d) The match has being watched by my friends.

**For Q. Nos. 19, 20 & 21, the sentences are divided into four parts. Mark the part that has error. If the sentence has no error mark (D):**

**19.** I did not know where they were going (A)/ nor could I understand (B)/ why had they left so soon. (C)/ No error (D)

---

**20.** He walked five miles which are really a great distance (A)/ for a man like him (B)/ who is not only old but also ill. (C)/ No error (D)

**21.** Now, it can be easily said (A)/ that the population of this city is greater (B)/ than any other city in India. (C)/ No error (D)

**For Q. Nos. 22, 23, 24, choose the correct sequence of the following sentences :**

**22**.

P : youngsters in the cities and the villages
Q : the effect
R : of the cinema
S : on the school and college going is sometimes unhealthy

a) PRQS

b) QRSP

c) QPSR

d) RQSP

**23.**

P : not indeed in the sense that education has been universal

Q : our country has been a land of learning

R : and the learned man has been held in higher esteem than the warrior or administrator

S : but in the sense that education has been universal

a) QRSP

b) RSPQ

c) QPSR

d) RQSP

**24.**

P : to protect vegetables from cold

Q : in view of the prevailing weather conditions

R : farmers to smoke their fields during the night

S : agricultural experts have advised

a) PRQS

b) QSRP


c) RPSQ

d) SPQR

---

**Read the following text:**

Sheetal never failed to go to school. She loved to study, and be with her friends. Nila and Kim were her two friends, with whom she played. She was a decently behaved girl.




**Now, answer Q. Nos. 25, 26, 27, 28 by studying the Pie-chart:**

**25.** Which number represents the Main Verbs?

a) 1

b) 2

c) 3

d) 4

**26.** Which number represents Adjectives?

a) 1

b) 2

c) 3

d) 4

**27.** Which number represents Proper Nouns?

a) 1

b) 2

c) 3

d) 4

**28.** Which number represents Adverbs?

a) 1

b) 2

c) 3

d) 4

**Q. Nos. 29, 30 are based on Writing Skills**

**29.** Shabnam used the word 'Countersigned' at the end of her writing. What has she written?

a) Newspaper Report

b) Letter

c) Notice

d) Biography

---

**30.** Pramod used many Linkers in his writing. Most probably, he has written a ____

a) process

b) story

c) dialogue

d) notice

## Reading Comprehension

**For Q. Nos. 31, 32, 33, 34, 35, read the passage carefully:**

A bunch of Class X students took home lessons on how to stay safe during lightning and storm. Kolkata Cloud Chasers, a group of professionals who love to track, photograph and document storm and clouds, conducted a session with students of Mahadevi Birla World Academy on Thursday. The students were shown photographs of clouds in the city and outside. The experts advised the students to stay indoors, unplug electronic gadgets and not to stand under a tree when lightning strikes.

There has been two recent lightning deaths in the city. Debabrata Pal, aged 21 years, died after he was struck by a bolt of lightning during cricket practice at Vivekananda Park in June. Ajay Mallick, aged 27 years, was struck by lightning on the Maidan in July. Nupur Ghosh, the Vice-Principal of the school, talked about the usefulness of such interactions. She told that such interactions were important for children so that they become prepared to deal with the dangers of lightnings and storms in real life.

Debarshi Duttagupta, who was the main speaker, addressed an audience of 210 students and asked them to play the role of teachers to their parents, brothers and sisters when then go home.

**Choose the correct alternative:**

**31.** The students were of

a) Class XI

b) Class IX

c) Class XII

d) Class X

**32.** The interactions were held on

a) Sunday

b) Friday

c) Saturday

d) Thursday

**33.** The students belonged to

a) Birla Academy

b) World Academy

c) Mahadevi Birla World Academy

d) Mahadevi Academy

**34.** The age of Debabrata Pal was

a) 21 years

b) 27 years

c) 20 years

d) 22 years

**35.** The most suitable to the passage is

a) Death of Two citizens in Lightning

b) Natural Disasters

c) Lessons on Lightning for Students

d) Aftereffects of Lightning

# বহুবিকল্পভিত্তিক প্রশ্ন : পরিচিতি ও অনুশীলন

## গণিত

## দশম শ্রেণি

**ঠিক উত্তর নির্বাচন করো :**

(1) $x^3 + 4x^2 + 4x - 3$ কে $x - 1$ দ্বারা ভাগ করলে, ভাগশেষ কত হবে?

(A) 5 (B) – 5 (C) 6 (D) – 6

(2) $x^2 + 2x - 8$ রাশিটির শূন্য কি কি হবে?

(A) 4, 2 (B) – 4, –2 (C) – 4, 2 (D) 4, – 2

(3) $2x + 3y = 0$ সমীকরণের সম্ভাব্য সমাধান হবে

(A) $x = 1, y = 1$ (B) $x = -3, y = 2$ (C) $x = 3, y = 0$ (D) $x = 0, y = 2$

(4) 1296 কে কিভাবে লেখা যায়?

(A) $2^4 3^3$ (B) $2^3 4^4$ (C) $2^4 3^4$ (D) $2^3 3^3$

(5) যদি 0, –1, 1 একটি বহুপদরাশির তিনটি শূন্য হয় তাহলে বহুপদরাশিটি হইবে

(A) $x^2 - x$ (B) $x^3 - x$ (C) $x^3 - x^2$ (D) $x^3 + x$

(6) $x^2 - 4x + 1 = 0$ দ্বিঘাত সমীকরণের প্রকৃতি কি হবে?

(A) বাস্তব (B) বাস্তব ও অভিন্ন (C) অবাস্তব (D) বাস্তব ও সমান

(7) $\frac{1}{x} - \frac{1}{x(x-3)} = 0$ সমীকরণের সমাধান কি হবে?

(A) 1, –3 (B) 0 (C) 4, (D) 4, 4

(8) যদি $3x^2 + 5x + 2 = 0$ সমীকরণের দুটি বীজ $\alpha$ এবং $\beta$ হয়, তাহলে $\frac{1}{\alpha} - \frac{1}{\beta}$ এর মান কত?

(A) $\pm\frac{1}{2}$ (B) $\pm\frac{1}{3}$ (C) $\frac{1}{4}$ (D) 5

(9) $ax + b = 0$ (a এবং b ধ্রুবক এবং $a \neq 0, b \neq 0$) সমীকরণে লেখচিত্র হইবে

(A) x-অক্ষের সমান্তরাল (B) y-অক্ষের সমান্তরাল (C) মূলবিন্দুগামী (D) মূলবিন্দুগামী নয়

(10) যদি (x, – 7) এবং (3, –3) এর মধ্যকার দূরত্ব 5 একক হয়, তাহলে x-এর মান হবে

(A) 0 অথবা 6 (B) 2 অথবা 3 (C) – 6 অথবা 0 (D) 5 অথবা 1

(11) r এর কোন্ মানের জন্যে $rx - 3y - 1 = 0$ এবং $(4 - r)x - y + 1 = 0$ সমীকরণ দুটি কোনো সমাধান থাকবে না?

(A) 3 (B) 4 (C) 2 (D) – 2

(12) একটি পোস্টের ছায়ার দৈর্ঘ্য তার উচ্চতার $\sqrt{3}$ গুণ। তাহলে সূর্যের উন্নতি কোণ

(A) $60^o$ (B) $30^o$ (C) $45^o$ (D) কোনোটিই নয়

(13) 2, 3, 5, 6, 2, 4, 2, 8, 9, 4, 5, 4, 7, 4, 4, মানগুলির সংখ্যাগুরুমান কত?

(A) 2 (B) 3 (C) 4 (D) 8

(14) একটি নিরেট লম্ববৃত্তাকার চোঙের ব্যাস 4.5 সেমি. এবং উচ্চতা 10 সেমি। চোঙটি গলিয়ে 1.5 সেমি দৈর্ঘ্যের ব্যাসবিশিষ্ট এবং 0.2 সেমি পুরু ধাতব মুদ্রা কতগুলি তৈরী করা যাবে?

(A) 430 টি (B) 440 টি (C) 450 টি (D) 460 টি

(15) বহিঃস্থ P বিন্দু থেকে O কেন্দ্রীয় বৃত্তের উপর PR এবং PS দুটি স্পর্শক। যদি PR = 8 সেমি এবং $\angle RPS = 60^o$ তাহলে RS এর দৈর্ঘ্য

(A) 9 সেমি (B) 8 সেমি (C) 10 সেমি (D) 4 সেমি

(16) $px + qy = r$ $(q \neq 0)$ সমীকরণের y-অক্ষের উপরে ছেদবিন্দু

(A) $\left(\frac{r}{p}, 0\right)$ (B) $\left(\frac{r}{q}, 0\right)$ (C) (0, 0) (D) $\left(0, \frac{r}{q},\right)$

(17) একটি বৃত্তের ব্যাসের প্রান্তিক বিন্দু থেকে অঙ্কিত স্পর্শক দুটি

(A) লম্ব (B) সমান্তরাল (C) ছেদ করবে (D) কোনোটিই নয়

(18) 30, 34, 35, 36, 37, 38, 39, 40 তথ্যে 35 না থাকলে মধ্যমা বৃদ্ধি পায়

(A) 2 (B) 1.5 (C) 1 (D) 0.5

(19) সমান দৈর্ঘ্যের ব্যাস এবং সমান উচ্চতা বিশিষ্ট নিরেট লম্ব বৃত্তাকার চোঙ, নিরেট লম্ববৃত্তাকার শঙ্কু এবং নিরেট গোলকের আয়তনের অনুপাত

(A) 1 : 3 : 4 (B) 4 : 3 : 1 (C) 3 : 1 : 4 (D) 1 : 4 : 3

(20) যদি একটি লম্ব বৃত্তাকার শঙ্কুর ব্যাসার্ধ r একক এবং তির্যক উচ্চতা $2l$ একক হয়, তাহলে সমগ্রতলের ক্ষেত্রফল হবে

(A) $\pi r\,(l + r)$ বর্গ একক (B) $3\pi rl$ বর্গ একক

(C) $2\pi rl$ বর্গ একক (D) $\pi r\left(\frac{r}{4} + 1\right)$ বর্গ একক

(21) 2x + y = 4 এবং 3x – 2y = –1 সমীকরন দুটির সমাধান কি হবে?

(A) x = 1, y = 1 (B) x = 2, y = 1 (C) x = 1, y = 2 (D) কোনোটিই নয়।

(22) (4, 3) এবং (5, – 4) বিন্দুগামী সংযোজক রেখাকে x-অক্ষ কি অনুপাতে বিভক্ত করে?

(A) 2 : 1 (B) 3 : 4 (C) 1 : 2 (D) 3 : 1

---

(23) 3 এবং $-\frac{1}{3}$ বীজবিশিষ্ট সমীকরনটি হল

(A) $3x^2 - 8x - 3 = 0$ (B) $3x^2 + 8x + 3 = 0$ (C) $2x^2 - 7x + 2 = 0$ (D) কোনোটাই নয়।

(24) r ব্যাসার্ধ বিশিষ্ট নিরেট অর্ধগোলক থেকে সর্বাধিক কত আয়তনের নিরেট শঙ্কু কেটে নেওয়া যাবে?

(A) $4\pi r^3$ ঘনএকক (B) $3\pi r^3$ ঘনএকক (C) $\frac{\pi r^3}{4}$ ঘনএকক (D) $\frac{\pi r^3}{3}$ ঘনএকক

(25) একটি নদীয় এক পাড়ে একটি তালগাছ আছে, তার ঠিক বিপরীত পাড়ে একটি খুঁটি আছে। যদি খুটিটিকে নদীর পাড় বরাবর $7\sqrt{3}$ মিটার সরিয়ে নিয়ে গেলে খুঁটিটি নদীর পাড়ের সাপেক্ষে তালগাছটির সঙ্গে $60^o$ কোন করেছে। তাহলে নদীটি চওড়া হবে

(A) 20 মিটার (B) 21 মিটার (C) 22 মিটার (D) 24 মিটার

(26) O কেন্দ্রীয় বৃত্তের P একটি বহিঃস্থ বিন্দু। OP যোগ করা হল। এবার P বিন্দু থেকে দুটি স্পর্শক টানতে পরবর্তী পদক্ষেপ কি হওয়া উচিত?

(A) O কেন্দ্রীয় OP ব্যাসার্ধ বিশিষ্ট একটি বৃত্ত টানা।

(B) OP কে সমদ্বিখণ্ডিত করা উচিত।

(C) OP কে সমত্রিখণ্ডিত করা উচিত।

(D) কোনোটিই নয়।

(27) $\Delta ABC$ ত্রিভুজের AB = 9 সেমি, BC = 6 সেমি এবং CA = 7·5 সেমি। $\Delta ABC$ এবং $\Delta DEF$ সদৃশকোণী ত্রিভুজ যেখানে BC এবং EF অনুরূপ বাহু এবং EF = 8 সেমি, তাহলে $\Delta DEF$ এর পরিসীমা হবে

(A) 22·5 সেমি (B) 25 সেমি (C) 27 সেমি (D) 30 সেমি

(28) তিনটি সমান বৃত্ত পরস্পরকে বহিঃস্পর্শ করে। বৃত্ত তিনটির কেন্দ্র এর যোগ করলে কি হবে?

(A) সমকোণী ত্রিভুজ (B) সমবাহু ত্রিভুজ

(C) সমদ্বিবাহু ত্রিভুজ (D) সদৃশকোণী ত্রিভুজ

(29) যদি $(1 + m^2) x^2 + 2 mcx + c^2 - a^2 = 0$ সমীকরণটির দুটি বীজ সমান হয় তাহলে

(A) $a^2 = c^2 (1 + m^2)$ (B) $m^2 = a^2 (1 + c^2)$

(C) $c^2 = a^2 (1 + m^2)$ (D) $am = cm$

(30) কোনো ত্রিভুজের অন্তর্বৃত্ত অঙ্কনের ক্ষেত্রে প্রথম পদক্ষেপ কি হবে?

(A) কোণগুলির সমদ্বিখণ্ডক অঙ্কন।

(B) বাহুগুলি সমদ্বিখণ্ডক অঙ্কন।

(C) বাহুগুলির লম্ব সমদ্বিখণ্ডক অঙ্কন।

(D) বহিঃস্থ কোনগুলির সমদ্বিখণ্ডক অঙ্কন।

(31) $\Delta ABC$ ত্রিভুজের, $\angle ABC = 90^\circ$ এবং $BD \perp AC$ যদি $AB = 5.7$ সেমি, $BD = 3.8$ সেমি। BC এর দৈর্ঘ্য কত হবে?

(A) 7.8 সেমি (B) 8.7 সেমি (C) 8 সেমি (D) 8.1 সেমি

(32) নীচে পরিসংখ্যা বিভাজন দেওয়া হলো :-

| (x) চলরাশি | (f) পরিসংখ্যান |
|---|---|
| 5 | 7 |
| 12 | 6 |
| 16 | 8 |
| 20 | 4 |
| 23 | 5 |

যৌগিক গড় কত?

(A) $\frac{43}{3}$ (B) $\frac{17}{5}$ (C) $\frac{34}{3}$ (D) $\frac{71}{5}$

(33) $ax^4 + bx^3 + cx^2 + dx + c$ বহুপদী সংখ্যামালার $x^2 - 1$ উৎপাদক হলে

(A) $a + c + e = b + d$ (B) $a + b + e = c + d$

(C) $a + b + c = d + e$ (D) $b + c + d = a + e$

(34) AB সরলরেখাংশের উপর P একটি বিন্দু এবং AP = PB; A ও B বিন্দুর স্থানাঙ্ক যথাক্রমে (3, –4) এবং (–5, 2); P বিন্দুর স্থানাঙ্ক হবে

(A) (1, 1) (B) (1, 0) (C) (0, 1) (D) (–1, –1)

(35) একটি ঘনকের সমগ্রতলের ক্ষেত্রফল S বর্গএকক এবং কর্ণের দৈর্ঘ্য D একক হলে

(A) $2D^2 = S$ (B) $D^2 = S$ (C) $2S^2 = D$ (D) $S^2 = D$

# বহুবিকল্পভিত্তিক প্রশ্ন : পরিচিতি ও অনুশীলন

## ভৌতবিজ্ঞান

## দশম শ্রেণি

১. কোন গ্যাসটি গ্রিনহাউস গ্যাস?

(ক) নাইট্রোজেন

(খ) অক্সিজেন

(গ) নাইট্রাস অক্সাইড

(ঘ) হাইড্রোজেন

২. যে গ্যাসের বাষ্প ঘনত্ব অক্সিজেন সাপেক্ষে 1.5 তার গ্রাম আণবিক গুরুত্ব হলো —

(ক) 3 g/mol

(খ) 6 g/mol

(গ) 32 g/mol

(ঘ) 48 g/mol

৩. কোনো উত্তল লেন্সের ফোকাসের মধ্যে বস্তুকে রাখলে গঠিত প্রতিবিম্ব হবে —

(ক) সদ্ ও অবশীর্ষ

(খ) অসদ্ ও অবশীর্ষ

(গ) সদ্ ও সমশীর্ষ

(ঘ) অসদ্ ও সমশীর্ষ

৪. কোনো গোলীয় দর্পণের ফোকাস দৈর্ঘ্য f হলে তার বক্রতা ব্যাসার্ধ হবে —

(ক) f cm

(খ) 2f cm

(গ) f/2 cm

(ঘ) f/4 cm

৫. বায়ু থেকে আলো কাচে প্রবেশ করছে। লাল, নীল, সবুজ ও বেগুনি বর্ণের আলোর মধ্যে কাচের প্রতিসরাঙ্ক সবচেয়ে বেশি হবে যে বর্ণের আলোর সাপেক্ষে তা হলো —

(ক) লাল

(খ) নীল

(গ) হলুদ

(ঘ) বেগুনি

৬. A, B ও C তিনটি জলীয় দ্রবণের pH যথাক্রমে 3, 9 ও 6। এই তিনটি দ্রবণকে ক্রমবর্ধমান আম্লিকতা অনুসারে সাজালে যা হবে তা হলো —

(ক) A<B<C

(খ) B<C<A

(গ) C<B<A

(ঘ) A<C<B

৭. তাপ পরিবাহিতাঙ্কের SI একক হলো —

(ক) $Wm^{-1}K$

(খ) $WmK^{-1}$

(গ) $Wm^{-1} K^{-1}$

(ঘ) WmK

৮. ধাতব পরিবাহীর রোধ ও সময় স্থির রেখে প্রবাহমাত্রা তিনগুণ করলে উৎপন্ন তাপ প্রাথমিকের —

(ক) তিনগুণ হবে

(খ) নয়গুণ হবে

(গ) ছয়গুণ হবে

(ঘ) বারোগুণ হবে

৯. 4 ওহম এবং 12 ওহম রোধের সমান্তরাল সমবায়ের তুল্য রোধের মান হলো —

(ক) 16 ওহম

(খ) 8 ওহম

(গ) 3 ওহম

(ঘ) 2 ওহম

১০. গলিত সোডিয়াম ক্লোরাইডের তড়িৎবিশ্লেষণের সময় গলিত অবস্থার মধ্যে দিয়ে তড়িৎ পরিবহণ করে —

ক) ইলেকট্রন

খ) শুধু ক্যাটায়ন

গ) শুধু অ্যানায়ন

ঘ) ক্যাটায়ন ও অ্যানায়ন উভয়েই

১১. কোন আয়নীয় যৌগটিতে ক্যাটায়ন ও অ্যানায়ন কোনোটিরই বাইরের কক্ষে আটটি ইলেকট্রন নেই?

ক) NaCl

খ) NaH

গ) LiH

ঘ) LiCl

১২. গ্যাস ধ্রুবকের SI একক হলো —

(ক) J mol K

(খ) J $mol^{-1}$ K

(গ) J mol $K^{-1}$

(ঘ) J $mol^{-1}$ $K^{-1}$

১৩. উষ্ণতা বাড়লে কোনো অর্ধপরিবাহীর রোধাঙ্ক —

(ক) বেড়ে যায়

(খ) কমে যায়

(গ) অপরিবর্তিত থাকে

(ঘ) প্রথমে বাড়ে তারপরে কমে যায়

১৪. ফ্লেমিংয়ের বাম হস্ত নিয়মে —

(ক) তর্জনী প্রবাহের দিক, বৃদ্ধাঙ্গুষ্ঠ চৌম্বক ক্ষেত্র ও মধ্যমা পরিবাহীর বিক্ষেপের দিক বোঝায়

(খ) মধ্যমা প্রবাহের দিক, তর্জনী চৌম্বক ক্ষেত্র ও বৃদ্ধাঙ্গুষ্ঠ পরিবাহীর বিক্ষেপের দিক বোঝায়

(গ) মধ্যমা প্রবাহের দিক, বৃদ্ধাঙ্গুষ্ঠ চৌম্বক ক্ষেত্র ও তর্জনী পরিবাহীর বিক্ষেপের দিক বোঝায়

(ঘ) বৃদ্ধাঙ্গুষ্ঠ প্রবাহের দিক, মধ্যমা চৌম্বক ক্ষেত্র ও তর্জনী পরিবাহীর বিক্ষেপের দিক বোঝায়

১৫. নীচের যে বিবৃতিটি ঠিক **নয়** তা হলো —

(ক) কোনো পর্যায়ে হ্যালোজেন মৌলটির তড়িৎঋণাত্মকতা সর্বাধিক

(খ) কোনো পর্যায়ে নোবল গ্যাসটির প্রথম আয়নীভবন শক্তির মান সর্বাধিক

(গ) কোনো পর্যায়ে ক্ষার ধাতুটির জারণধর্ম সর্বাধিক

(ঘ) দ্বিতীয় পর্যায়ে বাম থেকে ডানদিকে গেলে পারমাণবিক ব্যাসার্ধ ক্রমশ হ্রাস পায়

১৬. 24 g কার্বনের পূর্ণ দহনে যে পরিমাণ কার্বন ডাইঅক্সাইড উৎপন্ন হয় STP-তে তার আয়তন হবে —

(ক) 2.24 L

(খ) 22.4 L

(গ) 33.6 L

(ঘ) 44.8 L

---

১৭. $CH_3CH(OH)CH_3$ যৌগটির IUPAC নাম হলো —

(ক) Propan-1-ol

(খ) Propan-2-ol

(গ) Propanone

(ঘ) Propanoic acid

১৮. যে যৌগটি ব্রোমিন-কার্বন টেট্রাক্লোরাইড বিকারকের লাল দ্রবণকে বর্ণহীন করে **না** তা হলো —

(ক) $C_2H_6$

(খ) $C_2H_4$

(গ) $C_2H_2$

(ঘ) $C_3H_6$

# বহুবিকল্পভিত্তিক প্রশ্ন : পরিচিতি ও অনুশীলন

## জীবনবিজ্ঞান

## দশম শ্রেণি

১. নীচের বক্তব্যগুলি পড়ো।

(i) মায়োপিয়ায় বস্তুর প্রতিবিম্ব রেটিনার সামনে গঠিত হয়।

(ii) উত্তল লেন্সযুক্ত চশমা ব্যবহার করলে মায়োপিয়ার ত্রুটি দূর হয়।

(iii) হাইপারমেট্রোপিয়ায় বস্তুর প্রতিবিম্ব রেটিনার পিছনে গঠিত হয়।

(iv) অবতল লেন্সযুক্ত চশমা ব্যবহার করলে হাইপারমেট্রোপিয়ার ত্রুটি দূর হয়।

দৃষ্টির ত্রুটি সংক্রান্ত কোন কোন বক্তব্যগুলি সঠিক?

(ক) (i) ও (ii)

(খ) (ii) ও (iii)

(গ) (iii) ও (iv)

(ঘ) (i) ও (iii)

২. প্রতিবর্ত পথের সঠিক ক্রম কোনটি?

(ক) কারক → আজ্ঞাবহ স্নায়ুকোশ → স্নায়ুকেন্দ্র → সংজ্ঞাবহ স্নায়ুকোশ → গ্রাহক

(খ) গ্রাহক → আজ্ঞাবহ স্নায়ুকোশ → স্নায়ুকেন্দ্র → সংজ্ঞাবহ স্নায়ুকোশ → কারক

(গ) গ্রাহক → সংজ্ঞাবহ স্নায়ুকোশ → স্নায়ুকেন্দ্র → আজ্ঞাবহ স্নায়ুকোশ → কারক

(ঘ) কারক → সংজ্ঞাবহ স্নায়ুকোশ → স্নায়ুকেন্দ্র → আজ্ঞাবহ স্নায়ুকোশ → গ্রাহক

৩. নীচের বক্তব্য দুটি পড়ো এবং সঠিক বিকল্পটি বেছে নাও।

বক্তব্য ১ : জীবদের মধ্যে অস্তিত্বের জন্য সংগ্রাম দেখা যায়।

বক্তব্য ২ : জীবেরা অত্যধিক হারে বংশবৃদ্ধি করে কিন্তু খাদ্য ও বাসস্থান সীমিত।

(ক) বক্তব্য ১ সঠিক এবং বক্তব্য ২ ভুল

(খ) বক্তব্য ২ সঠিক এবং বক্তব্য ১ ভুল

(গ) বক্তব্য ১ ও বক্তব্য ২ সঠিক এবং বক্তব্য ২, বক্তব্য ১-এর সঠিক ব্যাখ্যা নয়

(ঘ) বক্তব্য ১ ও বক্তব্য ২ সঠিক এবং বক্তব্য ২, বক্তব্য ১-এর সঠিক ব্যাখ্যা

৪. সঠিক জোড়টি খুঁজে বার করো —

(ক) হাইড্রা — কোরকোদগম

(খ) স্পাইরোগাইরা — রেণু উৎপাদন

(গ) প্ল্যানেরিয়া — দ্বিবিভাজন

(ঘ) অ্যামিবা — পুনরুৎপাদন

৫. নীচের বক্তব্যগুলি পড়ো।

- এই হরমোন হৃৎস্পন্দনের হার বৃদ্ধি করে, হার্দ-উৎপাদ ও রক্তচাপ বাড়ায়।
- এই হরমোন শ্বাসকার্যের হার বাড়ায়।
- এই হরমোন BMR বৃদ্ধি করে।

উপরের কাজগুলি কোন হরমোনের সঙ্গে সম্পর্কিত?

(ক) ইনসুলিন

(খ) অ্যাড্রিনালিন

(গ) ইস্ট্রোজেন

(ঘ) থাইরক্সিন

৬. সঠিক জোড়টি খুঁজে নাও —

(ক) দ্বিপত্র কপাটিকা — ডান অলিন্দ ও ডান নিলয়ের সংযোগস্থল

(খ) ত্রিপত্র কপাটিকা — বাম অলিন্দ ও বাম নিলয়ের সংযোগস্থল

(গ) অ্যাওর্টিক কপাটিকা — নিম্ন মহাশিরা ও ডান অলিন্দের সংযোগস্থল

(ঘ) পালমোনারি কপাটিকা — ডান নিলয় ও ফুসফুসীয় ধমনির সংযোগস্থল

৭. অগ্ন্যাশয় রসে উপস্থিত প্রোটিনভঙ্গক উৎসেচক কোনটি?

(ক) ট্রিপসিন

(খ) পেপসিন

(গ) ইরেপসিন

(ঘ) অ্যামাইলেজ

৮. নীচে উদ্ভিদ হরমোনের কিছু কাজ দেওয়া আছে।

(i) অগ্রস্থ প্রকটতা ঘটানো ও পার্শ্বীয় মুকুলের বৃদ্ধি ব্যাহত করা।

(ii) মুকুল ও বীজের সুপ্তাবস্থা ভঙ্গ করা।

(iii) পার্শ্বীয় মুকুলের বৃদ্ধি ঘটানো।

(iv) পর্বমধ্যের দৈর্ঘ্য বৃদ্ধি ঘটানো।

এদের মধ্যে কোন দুটি জিব্বেরেলিনের কাজ?

(ক) (i) ও (iii)

(খ) (ii) ও (iii)

(গ) (ii) ও (iv)

(ঘ) (i) ও (ii)

৯. একটি বিশুদ্ধ হলুদ বীজযুক্ত মটরগাছের সঙ্গে একটি বিশুদ্ধ সবুজ বীজযুক্ত মটরগাছের সংকরায়ণ ঘটানো হলো। প্রথম অপত্য জনুতে উৎপন্ন মটরগাছের স্বপরাগযোগ ঘটানো হলে দ্বিতীয় অপত্য জনুতে —

(ক) অর্ধেক মটরগাছ হলুদ বীজযুক্ত আর অর্ধেক মটরগাছ সবুজ বীজযুক্ত হবে

(খ) সব মটরগাছ সবুজ বীজযুক্ত হবে

(গ) ৩/৪ ভাগ মটরগাছ হলুদ বীজযুক্ত আর ১/৪ ভাগ মটরগাছ সবুজ বীজযুক্ত হবে

(ঘ) সব মটরগাছ হলুদ বীজযুক্ত হবে

১০. প্রশ্বাস বায়ু যে পথে ফুসফুসে প্রবেশ করে তার সঠিক ক্রম কোনটি?

(ক) নাসারন্ধ্র → মুখবিবর → ল্যারিংস → ফ্যারিংস → ট্র্যাকিয়া → ব্রংকিওল → ব্রংকাই → ফুসফুস

(খ) নাসারন্ধ্র → মুখবিবর → ফ্যারিংস → ল্যারিংস → ট্র্যাকিয়া → ব্রংকাই → ব্রংকিওল → ফুসফুস

(গ) নাসারন্ধ্র → মুখবিবর → ফ্যারিংস → ল্যারিংস → ব্রংকিওল → ট্র্যাকিয়া → ব্রংকাই → ফুসফুস

(ঘ) নাসারন্ধ্র → মুখবিবর → ল্যারিংস → ফ্যারিংস → ব্রংকাই → ট্র্যাকিয়া → ব্রংকিওল → ফুসফুস

১১. সঠিক খাদ্যশৃঙ্খলটি খুঁজে নাও —

(ক) ঘাস → ঘাস-ফড়িং → বাজপাখি → ব্যাঙ

(খ) দানাশস্য → সাপ → ইঁদুর → বাজপাখি

(গ) উদ্ভিদ → টিকটিকি → শুঁয়োপোকা → বাজপাখি

(ঘ) ফাইটোপ্ল্যাংকটন → জুপ্ল্যাংকটন → মাছ → বক

১২. নীচের বক্তব্যগুলি পড়ো।

(i) স্কুলে ফাঁকা শ্রেণিকক্ষে আলো ও পাখার সুইচ বন্ধ করে রাখা।

(ii) গ্রীষ্মকালে বাড়ি থেকে বেরোনোর আগে ঘর ঠান্ডা রাখার জন্য পাখা চালিয়ে রেখে যাওয়া।

(iii) অপ্রচলিত শক্তির ব্যবহার বাড়ানো।

(iv) দিনের বেলা রাস্তার আলো অতি অবশ্যই বন্ধ করে রাখা।

প্রাত্যহিক জীবনে শক্তির সংরক্ষণের সঙ্গে সম্পর্কিত বক্তব্যগুলি বেছে নাও —

(ক) (i), (ii) ও (iii)

(খ) (ii), (iii) ও (iv)

(গ) (i), (iii) ও (iv)

(ঘ) (i), (ii) ও (iv)

১৩. অভিব্যক্তির সঙ্গে সম্পর্কিত কোন বক্তব্যটি সঠিক **নয়**?

(ক) সমসংস্থ অঙ্গ অপসারী অভিব্যক্তির সাক্ষ্য বহন করে।

(খ) পতঙ্গের ডানা ও বাদুড়ের ডানা হলো সমসংস্থ অঙ্গের উদাহরণ।

(গ) মানুষের বহিঃকর্ণের পেশি নিষ্ক্রিয় অঙ্গের একটি উদাহরণ।

(ঘ) সমবৃত্তীয় অঙ্গ অভিসারী অভিব্যক্তির সাক্ষ্য বহন করে।

১৪. ডিম্বাশয় : ফল :: ________ : বীজ

দ্বিতীয় জোড়টির শূন্যস্থানে নীচের কোন শব্দটি বসবে?

(ক) দলমণ্ডল

(খ) পরাগধানী

(গ) ডিম্বক

(ঘ) বৃতি

১৫. উদ্ভিদের কাণ্ড ও শাখা-প্রশাখা সূর্যের আলোর দিকে বৃদ্ধি পায়। এটি হলো —

(ক) আলোক অনুকূলবর্তী চলন

(খ) অভিকর্ষ অনুকূলবর্তী চলন

(গ) আলোক প্রতিকূলবর্তী চলন

(ঘ) জল অনুকূলবর্তী চলন

১৬. 'ক' স্তম্ভে দেওয়া শব্দের সঙ্গে 'খ' স্তম্ভে দেওয়া শব্দের সমতা বিধান করে সঠিক বিকল্পটি বেছে নাও।

| 'ক' স্তম্ভ | 'খ' স্তম্ভ |
|---|---|
| A. কণীনিকা | (i) বস্তুর প্রতিবিম্ব গঠনে সাহায্য করে |
| B. কর্নিয়া | (ii) চোখে আলোর প্রবেশ নিয়ন্ত্রণ করে |
| C. রেটিনা | (iii) চোখের উপযোজনে সাহায্য করে |
| D. সিলিয়ারি পেশি | (iv) প্রতিসারক মাধ্যম হিসেবে কাজ করে |

(ক) A- (iv), B - (ii), C - (i), D - (iii)

(খ) A - (i), B - (iii), C - (iv), D - (ii)

(গ) A - (iii), B - (iv), C - (ii), D - (i)

(ঘ) A - (ii), B - (iv), C - (i), D - (iii)

১৭. মানব হৃৎপিণ্ডে উপস্থিত 'স্বাভাবিক পেসমেকার' - টি হলো —

(ক) AV নোড

(খ) SA নোড

(গ) পারকিনজি তন্তু

(ঘ) হিজের বান্ডিল

১৮. নীচের বক্তব্যগুলি পড়ো।

(i) প্রাত্যহিক জীবনে প্রয়োজনের অতিরিক্ত জল ব্যবহার না করা।

(ii) বিভিন্ন নদীতে বাঁধ দেওয়ার পরিকল্পনা রূপায়ণ করা।

(iii) অনিয়ন্ত্রিতভাবে ভৌমজল ব্যবহার করা।

(iv) বৃষ্টির জল সংরক্ষণের ব্যবস্থা করা।

এদের মধ্যে কোনগুলি জল সংরক্ষণে সাহায্য করে?

(ক) (i), (iii) ও (iv)

(খ) (i), (ii) ও (iii)

(গ) (ii), (iii) ও (iv)

(ঘ) (i), (ii) ও (iv)

# বহুবিকল্পভিত্তিক প্রশ্ন : পরিচিতি ও অনুশীলন

## ইতিহাস

## দশম শ্রেণি

১. সরকারি মহাফেজখানায় সংরক্ষিত থাকে —

(i) সরকারি আধিকারিকের প্রতিবেদন (ii) সরকারি বিভিন্ন দপ্তরের প্রতিবেদন

(iii) গোয়েন্দা বিভাগের প্রতিবেদন (iv) পুলিশ বিভাগের নথিপত্র

(ক) i, ii ঠিক (খ) i, ii,iii ঠিক

(গ) i ঠিক (ঘ) উপরের সবকটি ঠিক

২. উমেশচন্দ্র দত্ত সম্পাদিত 'বামাবোধিনী' একটি সাময়িকপত্র। কারণ এটি —

(ক) বাংলা ভাষায় প্রকাশিত হত (খ) মাসিক পত্রিকা

(গ) রাজনৈতিক পত্রিকা (ঘ) দৈনিক পত্রিকা

৩. নারীশিক্ষা ও নারী অধিকারের সঙ্গে নীচে দেওয়া কোন বিকল্পটি যুক্ত নয় —

(ক) বামাবোধিনী পত্রিকা

(খ) গ্রামবার্তা প্রকাশিকা

(গ) ফিমেল জুভেনাইল সোসাইটি

(ঘ) বেথুন স্কুল

৪. ঔপনিবেশিক শিক্ষার মূল উদ্দেশ্য ছিল —

(ক) প্রাচ্য ও পাশ্চাত্য শিক্ষার মেলবন্ধন ঘটানো

(খ) প্রথাগত শিক্ষার উন্নতি

(গ) সিভিল সার্ভেন্টদের প্রশিক্ষণ দেওয়া

(ঘ) প্রশাসনিক সুবিধার্থে কেরানি তৈরি করা

৫. ১৮৫৭-র বিদ্রোহকে 'সিপাহী বিদ্রোহ' বলা হলে নীচে দেওয়া বিকল্পগুলির মধ্যে কোনটিকে তুমি যুক্তি হিসাবে বেছে নেবে?

(ক) ব্রিটিশ বাহিনীর সিপাহিরা প্রথম এই বিদ্রোহ শুরু করেছিল

(খ) সর্বত্র এই বিদ্রোহ ছড়িয়ে পড়েছিল

(গ) সর্বস্তরের মানুষ এই বিদ্রোহে সামিল হয়েছিল

(ঘ) সিপাহিরা জয়লাভ করেছিল

৬. ছাপাখানার বিকাশের সাথে নীচে দেওয়া বিকল্পগুলির মধ্যে কোনটি/কোনগুলি সম্পর্কিত?

(i) বইয়ের সহজলভ্যতা

(ii) শিক্ষার বিস্তার

(iii) সংবাদপত্র, সাময়িকপত্রের প্রসার

(iv) ঔপনিবেশিক কাঠামোর সুদৃঢ়করণ

(ক) i, ii, iii ঠিক (খ) i ঠিক

(গ) i, ii ভুল (ঘ) উপরের সবকটি ঠিক

৭. বারদৌলি সত্যাগ্রহ হয়েছিল —

(ক) জমি অধিগ্রহনের দাবিতে (খ) খাজনা হ্রাসের দাবিতে

(গ) মজুরি বৃদ্ধির দাবিতে (ঘ) ব্রিটিশ শাসনের বিরোধিতা করার জন্য

৮. বিংশ শতকে ব্রিটিশ বিরোধী কোন কোন আন্দোলনে কৃষকদের সক্রিয় অংশগ্রহন লক্ষ্য করা গিয়েছিল?

(i) বঙ্গভঙ্গ বিরোধী আন্দোলন (ii) অহিংস অসহযোগ আন্দোলন

(iii) আইন অমান্য আন্দোলন (iv) ভারতছাড়ো আন্দোলন

(ক) i, ii ঠিক (খ) i, ii, iii ঠিক

(গ) i, ii ভুল (ঘ) উপরের সবকটি ঠিক

৯. উনিশ শতককে 'সভাসমিতির' যুগ বলে অভিহিত করা হয়। কারণ এসময় —

(ক) বিভিন্ন রাজনৈতিক সংগঠন গড়ে ওঠে

(খ) রাজনৈতিক আন্দোলনের প্রসার ঘটে

(গ) বৃহত্তর আন্দোলন গড়ে ওঠে

(ঘ) জাতীয়তাবাদের প্রসার ঘটে

১০. গগনেন্দ্রনাথ ঠাকুর ব্যঙ্গচিত্রে হাতিয়ার হিসাবে ব্যবহার করেছিলেন —

(i) ঔপনিবেশিক শাসনের সমালোচনার জন্য (ii) বাঙালি বাবু সমাজের সমালোচনার জন্য

(iii) চিত্রশিল্পের উৎকর্ষ শাসনের জন্য (iv) সাংস্কৃতিক বিকাশের জন্য

(ক) i, ii ঠিক (খ) i, ii, iii ঠিক

(গ) i, ii ভুল (ঘ) উপরের সবকটি ঠিক

১১. দেশীয় রাজ্যগুলির মধ্যে আয়তনে সবচেয়ে বড়ো ছিল —

(ক) কাশ্মীর (খ) জুনাগড়

(গ) হায়দ্রাবাদ (ঘ) ত্রিবাঙ্কুর

১২. রাজ্য পুনর্গঠন কমিশন (১৯৫৩ খ্রি:) গঠন করা হয়েছিল —

(ক) রাজ্যগুলির অভ্যন্তরীণ উন্নতির জন্য (খ) অঙ্গরাজ্যগুলির সীমানা নির্ধারণের জন্য

(গ) স্বায়ত্তশাসন দানের জন্য (ঘ) সুষ্ঠু নির্বাচনের জন্য

১৩. ব্রিটিশ সরকার কমিউনিষ্ট নেতাদের গ্রেপ্তার করলে 'মিরাট ষড়যন্ত্র মামলা' শুরু হয়। উদ্দেশ্য ছিল —

(i) বামপন্থী আন্দোলনকে দূর্বল করে দেওয়া (ii) জাতীয়তাবাদী আন্দোলনের গতি রোধ করা

(iii) জাতীয় কংগ্রেসকে দূর্বল করে দেওয়া (iv) মুসলিম লিগকে দূর্বল করে দেওয়া

(ক) i, ii ঠিক (খ) i, ii,iii ঠিক

(গ) i, ii ভুল (ঘ) উপরের সবকটি ঠিক

১৪. সাঁওতালরা কেন ঔপনিবেশিক শাসনের বিরুদ্ধে প্রতিরোধ গড়ে তুলেছিল?

(i) ঔপনিবেশিক শাসনের প্রতিক্রিয়া স্বরূপ
(ii) বহিরাগতদের শোষনের জন্য
(iii) ধর্মান্তরিত করার জন্য
(iv) রেলপথের সম্প্রসারণ

(ক) i ঠিক
(খ) i, ii ঠিক
(গ) i, ii, iii ঠিক
(ঘ) উপরের সবকটি ঠিক

১৫. শচীন্দ্রপ্রসাদ বসু 'অ্যান্টি-সার্কুলার সোসাইটি' গড়ে তোলেন —

(ক) বিতাড়িত ছাত্রদের শিক্ষাদানের উদ্দেশ্যে
(খ) নারী আন্দোলনকে জোরদার করতে
(গ) শিক্ষার প্রসার ঘটাতে
(ঘ) বঙ্গভঙ্গ রদ করতে

১৬. জুনাগড় রাজ্যটি ভারতের অন্তর্ভুক্ত হয় —

(ক) ১৯৪৭ খ্রিস্টাব্দে
(খ) ১৯৪৮ খ্রিস্টাব্দে
(গ) ১৯৪৯ খ্রিস্টাব্দে
(ঘ) ১৯৫০ খ্রিস্টাব্দে

১৭. ইলবার্ট বিল বিতর্কে মুখ্য ভূমিকা নিয়েছিল —

(ক) জমিদার সভা
(খ) বঙ্গভাষা প্রকাশিকা সভা
(গ) ভারত সভা
(ঘ) ভারতীয় জাতীয় কংগ্রেস

১৮. ১৮৭২ খ্রিস্টাব্দে ইংরেজ সরকার প্রবর্তিত 'তিন আইন'-এর অন্তর্ভুক্ত ছিল না —

(ক) বাল্যবিবাহ
(খ) বহুবিবাহ
(গ) বিধবাবিবাহ
(ঘ) সতীদাহ

# বহুবিকল্পভিত্তিক প্রশ্ন : পরিচিতি ও অনুশীলন

## ভূগোল

## দশম শ্রেণি

১. সম্পদ সৃষ্টি বা বিকাশের ক্ষেত্রে তোমার বিদ্যালয়ের ভূমিকাকে বোঝানোর জন্য সবচেয়ে সুপ্রযুক্তভাবে যা বলা যায় তা হলো—

ক) এখানে প্রাকৃতিক সম্পদ সৃষ্টি হয়

খ) এখানে নিরপেক্ষ উপাদানকে প্রাকৃতিক সম্পদে পরিণত করা হয়

গ) এখানে মানব সম্পদের উন্নয়ন ও বিকাশ ঘটে

ঘ) এখানে সাংস্কৃতিক সম্পদ সৃষ্টি হয় না

২. কোনটি প্রাকৃতিক সম্পদের স্থিতিশীল ব্যবহারের গ্রহণীয় উপায় **নয়**?

ক) পরিমিত ব্যবহার

খ) পুনর্ব্যবহার

গ) পুনর্নবীকরণ

ঘ) জমি-ভরাটকরণ

৩. এদের মধ্যে কোনটি অংশগ্রহণমূলক বন সংরক্ষণ পদ্ধতির একটি উদাহরণ?

ক) বন্যপ্রাণ সুরক্ষা আইন

খ) ঝুম চাষ

গ) সামাজিক বনসৃজন

ঘ) নর্মদা বাঁচাও আন্দোলন

৪. ল্যাটেরাইট মৃত্তিকার প্রধান ফসল হলো

ক) ধান

খ) পাট

গ) গম

ঘ) চিনাবাদাম

৫. নীচের কোনটি বহুমুখী নদী পরিকল্পনার প্রধান উদ্দেশ্য **নয়**?

ক) জলবিদ্যুৎ উৎপাদন

খ) সেচ

গ) জলদূষণ নিয়ন্ত্রণ

ঘ) বন্যা নিয়ন্ত্রণ

৬. এদের মধ্যে অধাতব খনিজ কোনটি?

ক) কয়লা

খ) ম্যাগনেটাইট

গ) চ্যালকোপাইরাইট

ঘ) বক্সাইট

৭. নীচের কোনটি অপ্রচলিত শক্তির একটি জৈব উৎসের উদাহরণ?

ক) ভূতাপশক্তি

খ) পশুবর্জ্য

গ) সূর্যালোক

ঘ) জোয়ারভাটা

৮. পূর্ব ভারত থেকে পশ্চিম ভারতে স্থানান্তরিত হতে দেখা গেছে এমন একটি শিল্প হলো

ক) কার্পাসবয়ন শিল্প

খ) পেট্রোরাসায়নিক শিল্প

গ) লৌহ-ইস্পাত শিল্প

ঘ) মোটরগাড়ি নির্মাণ শিল্প

৯. কোন দুটি স্থান ভারতের দীর্ঘতম জাতীয় সড়কপথ দিয়ে যুক্ত হয়েছে?

ক) মুম্বাই ও চেন্নাই

খ) বারাণসী ও কন্যাকুমারী

গ) শিলচর ও সুরাট

ঘ) দিল্লি ও কলকাতা

১০. দেশভাগের জন্য সরাসরি কোন শিল্পটি সবচেয়ে প্রভাবিত হয়েছে?

ক) পাট শিল্প

খ) রেশম বস্ত্রশিল্প

গ) চা শিল্প

ঘ) খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প

১১. এদের মধ্যে যাতায়াত করার জন্য কোন যানবাহনটি সবচেয়ে পরিবেশবান্ধব?

ক) দাঁড় টানা নৌকা

খ) উড়োজাহাজ বা এরোপ্লেন

গ) ব্যক্তিগত গাড়ি

ঘ) বাস

১২. তুমি যদি ভারতের কোনো কফি বাগিচায় অবস্থান করো, তাহলে তুমি আছো

ক) দক্ষিণ ভারতে

খ) পূর্ব ভারতে

গ) উত্তর ভারতে

ঘ) পশ্চিম ভারতে

১৩. অপ্রচলিত শক্তি সম্বন্ধে কোন বাক্যটি প্রযোজ্য **নয়**?

ক) এর উৎসগুলি অফুরন্ত বা পূরণশীল

খ) এর উৎসগুলি সহজলভ্য নয়

গ) এর ব্যাপক উৎপাদনের প্রাথমিক খরচ বেশি

ঘ) এর উৎপাদন পদ্ধতিতে সরাসরি পরিবেশ দূষিত হয় না

১৪. আধুনিক এবং কম খরচের বিকল্প পদ্ধতি এসে যাওয়ায় ভারতে সম্প্রতি সরকারিভাবে বন্ধ হয়ে যাওয়া যোগাযোগ মাধ্যমটি হলো

ক) ল্যান্ডলাইন দূরভাষ

খ) নথিভুক্ত ডাক

গ) ক্যুরিয়ার ব্যবস্থা

ঘ) টেলিগ্রাম

১৫. তামিলনাড়ুর কোয়েম্বাটোর দক্ষিণ ভারতের সর্ববৃহৎ বস্ত্রশিল্প কেন্দ্র। নীচের কোন কারণটি এই শিল্পকেন্দ্র গড়ে ওঠার সহায়ক **নয়**?

ক) কাঁচামাল হিসাবে তুলোর সহজলভ্যতা

খ) সুলভ বিদ্যুৎ

গ) অনুন্নত পরিবহণ ও যোগাযোগ ব্যবস্থা

ঘ) বস্ত্রের বিপুল চাহিদা

১৬. জলবিভাজিকা ব্যবস্থাপনার প্রধান উদ্দেশ্যে হলো

ক) বন্যপ্রাণ সংরক্ষণ

খ) শুষ্ক ঋতুতে জলের সরবরাহ

গ) পর্যটন শিল্পের উন্নতি


ঘ) জনসংখ্যার বৃদ্ধি নিয়ন্ত্রণ

১৭. সারণিতে ২০১৫-১৬ সালের ফসলের উৎপাদনের (মিলিয়ন টন) পরিসংখ্যান দেওয়া হলো। নীচের কোন স্তম্ভচিত্রের সাহায্যে এই পরিসংখ্যান সঠিকভাবে দেখানো যায়?


সারণি

| **ফসল** | **গম** | **ভুট্টা** | **ডাল** | **তৈলবীজ** |
|---|---|---|---|---|
| **উৎপাদন (মিলিয়ন টন)** | ৯২ | ২২ | ১৬ | ২৫ |


ক)





খ)





গ)




ঘ)



১৮. ভারতের রেখা মানচিত্রে একটি তন্তু ফসল ও একটি বাগিচা ফসল উৎপাদক অঞ্চল দেখানো হয়েছে। ফসল দুটি কী কী?




ক) গম ও ইক্ষু

খ) ডাল ও জোয়ার

গ) ধান ও গম

ঘ) কার্পাস ও চা